



পিএসসিকে দলীয় নিয়ন্ত্রণে নিয়েছিল আ. লীগ: উপদেষ্টা আসিফ নজরুল



সংগৃহীত ছবি

সরকারি কর্ম কমিশনকে (পিএসসি) আওয়ামী লীগ নিজেদের সম্পত্তির মতো ব্যবহার করেছে বলে অভিযোগ করেছেন আইন উপদেষ্টা আসিফ নজরুল। তিনি পিএসসি সংস্কারের পাশাপাশি বেসরকারি খাতে কর্মসংস্থান সৃষ্টির আহ্বান জানান। একই সেমিনারে বক্তারা নৈতিকতা ও প্রশিক্ষণের গুরুত্বের ওপরও জোর দেন।

রাজধানীর বাংলাদেশ চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) সন্ধ্যায় আয়োজিত “সরকারি কর্ম কমিশনের প্রতিবন্ধকতা ও সংকট উত্তরণের চ্যালেঞ্জ” শীর্ষক সেমিনারে অংশ নিয়ে আইন উপদেষ্টা আসিফ নজরুল বলেন,

“আওয়ামী লীগ দেশের মতো পিএসসি পরীক্ষাকেও নিজেদের বাপ-দাদার সম্পত্তি বানিয়ে ফেলেছিল।”

তিনি জানান, পিএসসি সংস্কারের প্রস্তাব দ্রুত বাস্তবায়ন করা দরকার এবং একই সঙ্গে বেসরকারি খাতে নতুন কর্মসংস্থান সৃষ্টি করাও জরুরি।

সেমিনারের প্রধান অতিথি অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ বলেন, “দেশকে এগিয়ে নিতে হলে সফট ও মোরাল ট্রেনিংয়ের ওপর গুরুত্ব দিতে হবে। সৎ মানুষ তৈরি করতে না পারলে উন্নয়ন সম্ভব নয়।”

অন্যদিকে বিদ্রূৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান বলেন, “দেশের মৌলিক পরিবর্তন রাতারাতি সম্ভব নয়। তবুও অল্প সময়ে ইতিবাচক পরিবর্তনের চেষ্টা চলছে।”